

বছরের প্রথম দিন বই উৎসবের মধ্য দিয়ে পৃথিবীতে বাংলাদেশ অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

রবিবার (১ জানুয়ারি) গাজীপুরের কাপাসিয়ায় শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত 'জাতীয় পাঠ্যপুস্তক উৎসব-২০২৩ উদযাপনে উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

শিক্ষামন্ত্রী বলেন, সারাদেশে আজ বই উৎসব পালিত হচ্ছে। পৃথিবীতে বাংলাদেশ অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। যেখানে বছরের প্রথম দিন একটি বই উৎসব হয়। যেখানে আমাদের কোটি কোটি শিক্ষার্থী বই উৎসবে অংশ নেয়।

তিনি বলেন, বাংলাদেশ আজকে শিক্ষায়, যোগাযোগে, কৃষিতে, শিল্প উৎপাদনসহ এমন কোনো ক্ষেত্র নেই যেখানে দ্রুত উন্নয়ন হচ্ছে না। এসব উন্নয়ন প্রধানমন্ত্রী শেখ হাসিনার

## জন্যই সম্ভব হয়েছে।